



বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন

২২, দিলকুশা বা/এ, (৩য় তলা) ঢাকা -১০০০।

ফোন: ৯৫১৪৮১১

ই-মেইল : bncfrd@yahoo.com ওয়েবসাইট : www.bncfrd.gov.bd



স্মারক নং- ৪৭.৭০.০০০০.০৩৪.০৬.০০১.২৪-৫৮

তারিখ : ৩১.০৩.২০২৪ খ্রি:

৩৬তম বার্ষিক সাধারণ সভার সংশোধনী নোটিশ

এতদ্বারা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ এপ্রিল, ২০২৪ খ্রি: তারিখ রোজঃ রবিবার, সকাল ১০.০০ ঘটিকায় “ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন” বাংলাদেশ (আইইবি), রমনা, ঢাকা-১০০০, মিলনায়তনে বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের ৩৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি মহোদয় প্রধান অতিথি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আবদুল ওয়াদুদ এমপি বিশেষ অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সভায় সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সম্মানিত সভাপতি এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য জনাব খন্দকার বিপ্লব মাহমুদ উজ্জ্বল।

সভার আলোচ্য সূচী :

- ১। ৩৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২। ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের উপর বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা।
- ৩। ২০২২-২৩ ইং সনের বার্ষিক হিসাব বিবরণী বিবেচনা ও অনুমোদন।
- ৪। ২০২১-২২ ও ২০২২-২৩ ইং সনের উদ্ধৃতপত্র ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা।
- ৫। ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।
- ৬। আইল বিহীন চাষাবাদ প্রকল্প পাইলটিং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৭। উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ) এর আর্বতক ঋণ (ঘূর্ণায়মান) বরাদ্দ প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৮। ইউসিসিএ কর্মচারীদের রাজস্ব বাজেটে অন্তর্ভুক্তকরণ এবং বেতন ভাতার সরকারী সহায়তা ৭০% বকেয়াসহ প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৯। উপজেলা পরিষদসহ সংশ্লিষ্ট সকল কমিটিতে ইউসিসিএ'র সভাপতিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১০। ব্যবস্থাপনা পরিষদের বর্তমান মেয়াদ ৩ হতে বৃদ্ধি করে ৫ বছর করাসহ অবসর প্রথা বাতিল বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১১। সমবায়ী কৃষকদের উৎপাদিত পণ্য সংরক্ষণসহ ন্যায্য মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি ইউসিসিএতে হিমাগার স্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১২। উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ) এর নিকট বিআরডিবি'র ভাড়া দাবী বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৩। ব্যাংক কর্তৃক ইউসিসিএ'র এফডিআর এর উপর লিয়েন আরোপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৪। কৃষক সমবায়ীদের মাঝে আধুনিক কৃষি সরঞ্জাম সরবরাহ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ইন্টিগ্রেটেড সফটওয়্যার এর আওতায় ই-কমার্স পাইলটিং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৬। ২২নং দিলকুশা সমবায় ফেডারেশন ভবন বরাদ্দ, সংস্কার ও মামলার অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১৭। বিবিধ।

“বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণের জন্য প্রয়োজ্য”

ক. বার্ষিক সাধারণ সভায় প্রতিনিধিত্ব করার ক্ষমতাপ্রাপ্ত সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট ইউসিসিএ'র ব্যবস্থাপনা পরিষদের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত সিদ্ধান্তের (সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অনুলিপি।

খ. সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৩৩(২) ধারার তফসিলে প্রদত্ত নমুনা অনুযায়ী পরিচয় পত্র।

গ. ইউসিসিএ লিঃ এর বার্ষিক চাঁদা হতে ২০২৩-২৪ ইং অর্থ বছর পর্যন্ত টাকা

নগদ অথবা “বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন” শিরোনামে ব্যাংক ড্রাফট (ডিডি)র মাধ্যমে পরিশোধ করা যাবে।

সম্মানিত প্রতিনিধিগণকে সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে নিবন্ধন শেষ করে আসন গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ব্যবস্থাপনা পরিষদের সিদ্ধান্তক্রমে-

প্রতি

সভাপতি/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সচিব

..... ইউসিসিএ লিঃ

জেলা।

(খন্দকার সাইদুর রহমান)

নির্বাহী সচিব

বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন

স্মারক নং- ৪৭.৭০.০০০০.০৩৪.০৬.০০১.২৪-৫৮

তারিখ : ৩১.০৩.২০২৪ খ্রি:

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সম্মানিত সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সম্মানিত মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কাওরান বাজার, ঢাকা।
৩. সম্মানিত নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৫. সম্মানিত যুগ্ম নিবন্ধক, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৬. জেলা সমবায় অফিসার (সকল)।
৭. উপ-পরিচালক, বিআরডিবি (সকল)।
৮. উপজেলা সমবায় অফিসার (সকল)।
৯. অফিস নথি।

নির্বাহী সচিব

বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন

মোবাইল : ০১৯১৮-৬৯৩৯৬৩